দৈনিক বাংলা

তারিখ ... 19.10.78 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

041

# মেডিক্যাল কলেজে ভর্তির ব্যাপারে মন্ত্রিসভা কমিটি

দেশের মেডিক্যাল কলেজসমূহে ভর্তির নীতিমালা প্রণয়নের জন্য প্রেসিডেন্টের নির্দেশে মন্ত্রিসভার একটি কমিটি গঠন করা হয়েছে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে।

বাসসের খবরে প্রকাশ, বন্যানিয়ন্ত্রণ পানি সম্পদ ও বিদ্যুৎ মন্ত্রী জনাব বি এম আব্বাস এটিকে কমিটির চেয়ারম্যান করা হয়েছে।

কমিটির দুজন সদস্য হচ্ছেন জাহাজ চলাচল, আইডব্লিউটিএ ও বন্দর মন্ত্রী ক্যাপ্টেন (অবঃ) নূরুল হক চৌধুরী এবং কৃষি ও বন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ডঃ ফসিহ উদ্দিন মাহতাব।

কমিটি খুব শীঘ্রই রিপোর্ট পেশ করবে বলে আশা করা হচ্ছে।